গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ডডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন ,৭ম তলা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-০২)- ১২২

তারিখ: ৩০/০৮/১৪২৪ ব.
২৯/০৮/ ২০১৭ খ্রি.

বিষয়: আগস্ট ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৯/০৮//২০১৭ খ্রি.
সময়	:	সকাল ১০.৩০ টা
স্থান	:	বিবিএস এর সম্মেলন কক্ষ
সভাপতি	:	মোঃ আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ মোবারক হোসেন বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	এফএ এন্ড এমআইএস উইং	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।		সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)		অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	মহাপরিচালক মহোদয় ক্রমান্বয়ে সকল উইং এর অনিষ্পন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্ট উইং পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন। জনাব জাহিদুল হক সরদার, পরিচালক, সেন্সাস জানান, সেন্সাস উইং এর ০৬ মাসের বেশি সময় ধরে অনিষ্পন্ন একটি বিষয় দ্রুতই নিষ্পন্ন সম্ভব হবে। এটি সম্পন্ন হলে আর কোন্ অনিষ্পন্ন বিষয় থাকবে না। মহাপরিচালক মহোদয় মামলা সংক্রান্ত বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে পরামর্শ দেন। পরিচালক (প্রশাসন), এফএঅ্যান্ড এমআইএস জানান, ট্রাইবুন্যাল মামলাগুলো প্রক্রিয়াধীন আছে।	অনিষ্পন্ন বিষয়গুলো যত দ্রুত সম্ভব নিষ্পত্তি করতে হবে। অনিষ্পন্ন বিষয়াদির বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক, (সকল)
(০৩)		অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	বিবিএস-এর উইংয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২২টি। তন্মধ্যে (০৩+০৭)=১০টির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১৭টি তন্মধ্যে ০৪টির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। কর্মসূচির অনিষ্পন্ন	অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আরও তৎপর হতে হবে। অডিট আপত্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণী সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস

পরিচালক

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			অডিট আপত্তির সংখ্যা ০৬টি, তন্মধ্যে ০১টির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং ০৪টির ব্রডশীট জবাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।এছাড়াও ফিল্ড/উপজেলা অফিসের ০৮টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ০৭টির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং বাকী ০১টির ব্রডশীট জবাব প্রস্তুতির কাজ চলছে। শীঘ্রই ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে মর্মে জানানো হয়।		
(০৪)		কোর্ট মামলাসমূহ	বিবিএস-এ বর্তমানে চলমান মোট মামলা ৪৫টি, এবং রিট ১৭টি বলে সভায় জানানো হয়। মামলাসমূহের তালিকা অনুযায়ী পরবর্তী কী কী কাজ কখন করতে হবে তার বিবরণী প্রস্তুতকরে সভায় উপস্থাপন করা জরুরী মর্মে সভায় আলোচনা হয়।	মামলার বিস্তারিত বিবরণ এবং কোন মামলার পরবর্তী কী কী কাজ কখন করতে হবে তার বিবরণী প্রস্তুতকরে সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস ও কনটাক্ট পয়েন্ট অফিসার আইন সেল
(০৫)		সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	সমাপ্ত প্রকল্পের ৫৪ টি গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত বিষয়ে উপপরিচালক (সমন্বয়) জানান, গাড়ীর কাগজপত্র (রেজিষ্ট্রেশন,ফিটনেস ইত্যাদি) পাঠানোর পরে তারা পুনরায় ৫৪ টি গাড়ির ডিপিপির অংশ পাঠানোর জন্য নির্দেশ দেন। সে মোতাবেক ২৮/০৮/১৭ ডিপিপির সংশ্লিষ্ট অংশ অতিরিক্ত সচিব, প্রশাসন মহোদয়কে দেখানো হয়েছে এবং তিনি কিছু সংশোধন দিয়েছেন তা সংশোধনপূর্বক পুনরায় পাঠানো হবে। যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা বলেন, সমাপ্ত প্রকল্পের গাড়ীগুলো যদি নভেম্বর'১৭ এর পূর্বে রাজস্ব খাতে স্থানান্তর করা সম্ভব হয় তাহলে এনএইচডি প্রকল্পের কাজ পর্যবেক্ষণে সুবিধা হবে।	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তরের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক, (সমন্বয়), এফএ অ্যান্ড এমআইএস
(০৬)		উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৬৭ টি ১ম শ্রেণির ক্যাডার পদ সৃজন	২৬৭ টি ক্যাডার পদ সৃজনে চাহিত তথ্যাদি এর জবাব ০৭/০৮/২০১৭ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	বিষয়টি দ্রুত সম্পন্ন করার জন্য ফলোআপ করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ এন্ড এমআইএস
(০৭)		বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন	জনাব ঘোষ সুবব্রত, পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল জানান, গত ০৬/০৮/২০১৭ খ্রি. তারিখে সংশোধিত অর্গানোগ্রাম পুনরায় দাখিল করা হয়েছে।	বিষয়টি দ্রুত সম্পন্নের জন্য তদারকী অব্যাহত রাখতে হবে	পরিচালক, (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

পরিচালক

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৮)		বিবিএস এর জনবল নিয়োগ	পরিচালক (প্রশাসন), এফএ্যান্ড এমআইএস জানান, রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন পদের সাধারণ ও মুক্তিযোদ্ধা কোটায় দু'টি নিয়োগ কার্যক্রম চলমান আছে। মুক্তিযোদ্ধা কোটায় চলমান নিয়োগের দরখাস্তকারীর আবেদনপত্রগুলো রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে।	রাজস্ব বাজেটের আওতায় নিয়োগবিধিতে যেসকল পদ আছে সেগুলোতে নিয়োগের জন্য দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি জারী ও মুক্তিযোদ্ধা কোটায় পরীক্ষা নেয়ার ব্যবস্থা করতে হবে।	উপমহাপরিচালক, বিবিএস
(০৯)		আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ	নিয়োগবিধি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ১৭/৭/২০১৭ তারিখে পাঠানো হয়েছে। নিয়োগ বিধি অনুমোদন হলে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কার্যক্রম শুরু করা যাবে মর্মে সভায় জানানো হয়।	নিয়োগবিধি অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উপমহাপরিচালক, বিবিএস ও উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১০)		বিবিএস এর ৫৩৯টি পদ স্থায়ীকরণ	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রনালয়ে পাঠানো হয়েছে মর্মে সভায় জানানো হয়।পদসমূহ স্থায়ীকরণের জন্য যোগাযোগ করা হচ্ছে।	পদসমূহ দ্রুত স্থায়ীকরণের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১১)		বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	দ্রুত প্রশাসনিক অনুমোদন গ্রহণ ও প্রকল্প প্রস্তাব প্রস্তুতের জন্য জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইংকে আহবায়ক করে একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	দ্রুত প্রশাসনিক অনুমোদন গ্রহণ ও প্রকল্প প্রস্তাব পেশ করতে হবে।	জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(১২)		প্লানিং এন্ড ডেভেলপমেন্টসেল হতে উন্নয়ন শাখা এফএ এন্ড এমআইএস এ সংযুক্ত করণ	প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেলের কাযাবলি এফএ এন্ড এমআইএস এর সাথে সংযুক্তকরণের মাধ্যমে বিদ্যমান সমস্যা দ্রুত সমাধান করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	উপমহাপরিচালক বিবিএস উভয় পরিচালকের সাথে যৌথভাবে আলোচনা করে বিষয়টির নিষ্পত্তি করবেন।	উপমহাপরিচালক, বিবিএস
(১৩)		বিবিধ (ক) বিবিএস এর সৌন্দর্য বর্ধন	(ক) পরিসংখ্যান ভবনের সৌন্দর্য বর্ধনের চলমান কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করা হয়। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস জানান বিবিএস এর সৌন্দর্য বর্ধনের কাজে প্রায় ১৫লক্ষ টাকা ব্যয় করতে হবে।	(ক) বিবিএস এর সৌন্দর্য বর্ধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	পরিচালক (অর্থ) বিবিএস
		(খ) পরিসংখ্যান আইন সংক্রান্ত	(খ) পরিসংখ্যান আইন ২০১৩ সংশোধন করার জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক জানান, বিসিএস(পরিসংখ্যান) ক্যাডার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ইতিপূর্বে পরিসংখ্যান আইন এর কী কী বিষয় সংশোধন করা প্রয়োজন তা মেট্রিক্স	(খ) পরিসংখ্যান আইন,২০১৩ সংশোধনের জন্য একটি কমিটি গঠন করতে হবে।	পরিচালক (প্রশাসন), বিবিএস

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			ফরমে মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হয়েছে। একটি কমিটি গঠন করে উক্ত প্রস্তাবের আলোকে আইন সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।		
		(গ) সমন্বয় সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতি	(গ) জনাব মুহাম্মদ মিজানুর রহমান, যুগ্মপরিচালক,ঢাকা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় জানান, ইতোপূর্বে বিবিএস এর মাসিক সমন্বয় সভায় বিভাগীয় পরিসংখ্যান অফিসমূহের যুগ্মপরিচালকগণকে আমন্ত্রণ জানানো হত কিন্তু গত কয়েকমাস যাবত আর তা করা হচ্ছেনা। বিবিএস এর মাঠ পর্যায়ের চলমান কার্যক্রম এবং সদর দপ্তরের সাথে মাঠ পর্যায়ের সমন্বয়ের জন্য বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয় সভায় আমন্ত্রণ জানালে সুবিধা হয় মর্মে তিনি মত প্রকাশ করেন।	(গ) পরবর্তী সমন্বয় সভা হতে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্মপরিচালকগণকে আমন্ত্রণ জানাতে হবে।	পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
		(ঘ) বিদ্যুৎ বিপর্যয় সংক্রান্ত	(ঘ) পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস জানান, অপরিকল্পিত এসি এবং ইলেক্ট্রনিক সরঞ্জাম ভবিষ্যতে পরিসংখ্যান ভবনে বিদ্যুৎবিপর্যয় ভয়াবহ আকার ধারন করতে পারে। এজন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা প্রয়োজন মর্মে তিনি মতামত প্রকাশ করেন।	(ঘ) অপরিকল্পিতভাবে এসি এবং ইলেক্ট্রনিক সরঞ্জাম ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যবহার নিশ্চিত করতে হবে।	পরিচালক (সকল)
(০১)	কম্পিউটার উইং	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	সকল উইং এ ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। বিষয়টি আরও গতিশীল করার জন্য কম্পিউটার উইং হতে সকল উইংকে সহায়তা প্রদান করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।	সকল নথি ই-ফাইলে উপস্থাপন করতে হবে।	পরিচালক (সকল)
(০২)		সার্ভার কক্ষের স্থানান্তর	বিবিএস এর সার্ভার কক্ষের অধিকতর ব্যবহার সুবিধাসহ ও সুনিয়ন্ত্রিত করার লক্ষ্যে বর্তমান সার্ভার কক্ষটি স্থানান্তর করে তৃতীয় তলায় বিশেষভাবে নির্মিত স্থানে নিয়ে যাওয়া হয়েছে। ঐ স্থান থেকে ইন্টারনেট নিয়ন্ত্রণ করা হচ্ছে মর্মে সভায়জানানো হয়।	সার্ভার কক্ষটির নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(০৩)		ইন্টারনেট ব্যবস্থা	সার্ভার রুম নতুন স্থানান্তর হওয়ায় ইন্টারনেট ব্যবস্থা বর্তমানে একটু মন্থরগতি আছে। শিঘ্রই সমস্যা কাটিয়ে গতি আরও বৃদ্ধি পাবে।	ইন্টারনেট ব্যবস্থার চলমান সমস্যা দ্রুত সমাধান করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৪)		জিও কোড	এনএইচডি প্রকল্পের ২য় জোনাল অপারেশনের জন্য ঢাকা, চট্টগ্রাম এবং ময়মনসিংহ বিভাগের ২টি জেলার জিও কোড হালনাগাদ করে সরবরাহ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	জিও কোড সরবরাহের বর্তমান উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত রাখতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(০৫)		ওয়েব পোর্টাল	তথ্য প্রাপ্তি সাপেক্ষে ওয়েব পোর্টাল হালনাগাদ করা হচ্ছে।	ওয়েবপোর্টালে সময়মত সকল হালনাগাদ বিজ্ঞপ্তি, নোটিশ আপলোড করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(০৬)		ডাটা সংরক্ষণ ও বিক্রয় শাখা	বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপের ডাটা সংরক্ষণ করা হচ্ছে। বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির চাহিদা অনুযায়ী ডাটা সরবরাহ ও বিক্রয় করে রাজস্ব আদায় হচ্ছে।	ডাটা সরবরাহ ও বিক্রয় করে রাজস্ব আদায়ের হিসাব সংরক্ষণ করে সমন্বয় সভায় উত্থাপন করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(০৭)		আইসিটি ল্যাব	আইসিটি ল্যাব ভাড়া দিয়ে বিবিএস এর রাজস্ব আদায় হচ্ছে।	আইসিটি ল্যাব ভাড়াবাবদ রাজস্ব আদায়ের হিসাব সংরক্ষণ করে এর এক কপি মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(০১)	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	জনবল সংক্রান্ত	প্রস্তাবিত প্রকল্পমূহের কার্যক্রম শুরু হলে প্রয়োজনীয় জনবল পদায়ন করা হবে মর্মে সভায় জানানো হয়।	কার্যক্রম শুরু হলে জনবল পদায়নের ব্যবস্থা করতে হবে।	পরিচালক এফএ অ্যান্ড এমআইএস
(০১)	ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং	বিজনেস ডাইরেক্টরি এবং BSIC & BSCO এর বাজেট সংক্রান্ত	বিজনেস ডাইরেক্টরি এবং BSIC & BSCO এর অর্থ ছাড় সংক্রান্ত প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	দ্রুত বাজেট ছাড় করতে হবে।	আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস
(০১)	এসএসটিআই	ক্যাডার ও নন ক্যাডার একীভূতকরণ	পরিচালক, এস এস টি আই জানান, বিষয়টি নিষ্পত্তি লক্ষ্যে ক্যাডার এবং নন-ক্যাডার প্রতিনিধিদের সাথে ৪ (চার)টি সভা করা হয়েছে। নন-ক্যাডারদের প্রস্তাবে উভয়পক্ষ একমত পোষণ করায় একটি গ্রেডেশন তালিকাও প্রণয়ন করা হয়েছিল। পরবর্তীতে ক্যাডারদের পক্ষ থেকে বিষয়টি আইনানুগ হয়নি মর্মে মতামত দেয়ায় নিষ্পত্তিপ্রক্রিয়া স্থগিত করা হয়েছে।	এ সংক্রান্ত গঠিত কমিটি দ্রুত প্রতিবেদন দাখিল করে বিষয়টি নিষ্পত্তি করবেন।	পরিচালক এস এস টি আই
(০১)	ন্যাশনাল একাউন্টিং উইং	জাতীয় আয় শাখাঃ ক) ২০১৬-১৭ অর্থ বছরের সাময়িক GDP	ক)২০১৬-১৭ অর্থ বছরের চূড়ান্ত GDP প্রাক্কলনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের কাজ করা হচ্ছে।এবং ২০১৭-১৮অর্থ বছরের সাময়িক GDP প্রাক্কলনের নিমিত্ত তথ্য সংগ্রহের কাজ চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং

পরিচালক
প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট উইং

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০২)		জাতীয় ব্যয় শাখা : (ক) ২০১৬-১৭ অর্থ বছরের সাময়িক ব্যয় ভিত্তিক GDP প্রণয়ন (খ) স্থানীয় সরকার হতে তথ্য সংগ্রহ।	ক) ২০১৬-১৭ অর্থ বছরের চুড়ান্ত ব্যয় ভিত্তিক GDP প্রণয়নের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করে ব্যয় ভিত্তিক জিডিপি প্রণয়ন করা হয়েছে। খ) ২০১৬-১৭ অর্থ বছরের (Budget Estimate) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) এর বাজেট সংগ্রহের কাজ শেষ হওয়ার পর Pocketbook ও Yearbook এতথ্যপ্রদানকরাহয়েছে।২০১৬-১৭ অর্থ বছরের (Budget Estimate)স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) এর কিছু বাজেট সংগ্রহকরা হয়েছে। কম্পিউটার উইংয়েরমাধ্যমে তথ্যধারণে কাজ চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	
(০৩)		চলতি উৎপাদন শাখাঃ (ক) Quantum Index of Industrial Production (QIIP) প্রণয়ন। (খ) Monthly Release Industrial Production Statistics (IPS) প্রকাশ। গ) Producer Price Index (PPI) অগ্রগতি	ক) Quantum Index of Industrial Production (QIIP) Large March /2017 মাসের সূচক তৈরীর কাজশেষ হয়েছে। April/17 মাসের তথ্য সংগ্রহের কাজ চলছে। খ) Monthly Release Industrial Production Statistics (IPS) March/17 সংখ্যা প্রকাশের জন্য RDP শাখায় প্রেরণ করা হয়েছে। গ) Producer Price Index (PPI) Dec/16 মাসের কাজ শেষ হয়েছে। Jan/Feb/17 মাসের কাজ চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৪)		মূল্য ও মজুরি পরিসংখ্যান শাখা: ক) July/17 মাসের CPI প্রকাশ করা হয়েছে। (খ) August/17 সংগৃহীত মূল্য ও মজুরি সংক্রান্ত তথ্য এডিটিং, এন্ট্রি ও গড় নির্ণয়ের কাজ চলছে। (গ) Monthly Release প্রকাশ। (ঘ) সূচক সমুহের কাজের অগ্রগতি।	(ক) July/17 মাস পর্যন্ত CPI ও Inflationrate প্রস্তুতের কাজ সম্পন্ন ও প্রকাশ হয়েছে। (খ) চার প্রকার দর ছকের মাধ্যমে July/17 মাসের সংগৃহীত মূল্য ও মজুরি সংক্রান্ত তথ্য এডিটিং, এন্ট্রি ও গড় নির্ণয়ের কাজ শেষ হয়েছে। (গ) Monthly Release July/17 ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। (ঘ) সূচক সমুহের কাজের অগ্রগতি নিম্নরুপঃ ১) গৃহনির্মাণ সামগ্রী সূচক (১৯৯৮-৯৯=১০০) জুলাই /২০১৭ পর্যন্ত কাজ সম্পন্ন ও অনুমোদিত হয়েছে। ২) ত্রৈমাসিক বাড়িভাড়া সূচক (১৯৭৩-৭৪=১০০) 2016-17 অর্থ বছরের 4th quarter (April-June)17 মাসের কাজ সমাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। ৩) মজুরী হার সূচক (২০১০-১১=১০০) July/ 17 মাস পর্যন্ত কাজ শেষ হয়েছে এবং অনুমোদিত হয়েছে। ৪) ICP 2017 এর August/17 মাসের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(০৫)		বৈদেশিক বাণিজ্য শাখা: (ক) সিডির মাধ্যমেআমদানী ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ। (খ) Monthly Release (FTS) প্রকাশ।	১। জাতীয় রাজস্ব বোর্ড হতে সিডির মাধ্যমে June/17 আমদানী ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। ২। Monthly Release (FTS) May/17 পর্যন্ত প্রকাশিত হয়েছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৬)		প্রকাশনা শাখাঃ (ক) পরিসংখ্যান পকেট বুক ২০১৬ প্রকাশ। (খ) পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৫প্রকাশ। (গ) মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রকাশ।	(ক)। পরিসংখ্যান পকেট বুক ২০১৬ সংখ্যা প্রকাশিত হয়েছে। (খ) পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৬ সংখ্যা প্রকাশের জন্য ০৩/০৭/২০১৭ তারিখে RDP শাখায় প্রেরণ করা হয়েছে। (গ) মাসিক পরিসংখ্যান বুলেটিন December/16 সংখ্যা প্রকাশিত হয়েছে। ফেব্রুয়ারি /২০১৭ সংখ্যার ড্রাফট প্রস্তুত করে অনুমোদনের অপেক্ষায় আছে। এবং এপ্রিল ২০১৭ সংখ্যার তথ্য সংগ্রহের কাজ চলছে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(০৭)		(ক) পরিবেশ সেলের কার্যক্রম সমূহ:	৪। Bangladesh Environmental Statistics Framework (BESF) 2016-2030 এর আওতায় Compendium of Bangladesh Environmental Statistics 2017 প্রণয়নের নিমিত্ত তথ্য উপাত্ত সংগ্রহের কাজ চলছে। ডিসেম্বর ২০১৭ এর মধ্যে প্রাথমিক খসড়া রিপোর্ট প্রস্তুত করা হবে। যা জুন ২০১৮ সালের মধ্যে প্রকাশ করা সম্ভব হবে।	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(০১)	সেন্সাস উইং	পুরাতন নথি সম্পর্কিত	সচিবালয় নির্দেশনা মোতাবেক ক্যাটাগরি ওয়ারি প্রস্তুতকৃত তালিকায় কিছু অসংগতি থাকার বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তী নির্দেশনা মোতাবেক নথিগুলো বিনষ্ট করার জন্য মহাপরিচালক মহোদয় বরাবর নথি উপস্থাপন বিষয়ে মতামত প্রদান করা হয়।	ক্যাটাগরি ওয়ারি তালিকা সংশোধনপূর্বক আগামী ৭ দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।	পরিচালক সেন্সাস উইং
(০১)	এগ্রিকালচার উইং	গম ও আলু ফসলের হিসাব চূড়ান্তকরণের	১। গম ও আলু ফসলের হিসাব চূড়ান্তকরণের জন্য মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনের জন্য যৌথ টিম প্রেরণ করা হবে।	১। গম ও আলু ফসলের উৎপাদন হিসাব পর্যবেক্ষণের জন্য দ্রুত টিম গঠন করে মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে।	পরিচালক এগ্রিকালচার উইং

ক্র: নং	উইং এর নাম	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০২)		ডাটা এন্ট্রি স্ক্রীম তৈরী সংক্রান্ত	২। বিভাগ জেলা ও উপজেলা হতে সদর দপ্তরে তথ্য প্রেরণের জন্য অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে ডাটা এন্ট্রি স্ক্রীম তৈরীর কাজ চলছে।	২। অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে দ্রুত ডাটা এন্ট্রি স্ক্রীমের কাজ সমাপ্ত করতে হবে।	
(০৩)		SPARS রিপোর্ট	৩। SPARS সচিব মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। FAO ঢাকা অফিসে মুদ্রণের জন্য প্রেরণ করা হয়েছে।	৩। SPARS রিপোর্ট মুদ্রণের পূর্বে পরীক্ষা নিরীক্ষা করে দেখতে হবে।	
(০১)	বিবিধ	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭	মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে জনাব মো: মোবারক হোসেন, পরিসংখ্যান কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৭ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন এবং সভায় পাশ করার প্রস্তাব উপস্থাপন করেন। তিনি প্রতিটি কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন।	সর্বসম্মতিক্রমে উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ সভায় গৃহীত হয়।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৯১১২৫৮৯
e-mail:dg@bbs.gov.bd